গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩নং কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদ

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

কার্যালয়ঃ কোদালিয়া শহীদনগর, ডাকঘর+উপজেলাঃনগরকান্দা, জেলাঃ ফরিদপুর।

মোবাইলঃ ০১৭১৫-৪৭৭৬৪১ **E-mail**:kodaliashohidnagarup@gmail.com,**Web**:www.kodaliashohidnagarup.faridpurlg.gov.bd

স্মারক নং-৪৬.০০.২৯৬২.০০০.৯৯.০০১.২০২১-
।

তারিখঃ ২৮/১২/২০২১খ্রিঃ

অফিস আদেশ

ইউনিয়ন পরিষদ আইন ২০০৯ এর ৪৫ নং ধারা অনুযায়ী অত্র ইউপি'র কার্যাবলী সুচরুরূপে সম্পাদন করার জন্য নিম্ন বর্ণিত বিষয়াদির প্রত্যেকটির সম্পর্কে একটি করিয়া স্থায়ী কমিটি গঠন করা হইল।

স্ট্যাণ্ডিং কমিটিসমূহ ঃ

০১. অর্থ ও সংস্থাপন বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটিঃ

ক্রমিক নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব জোসনা বেগম	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব কহিনুর বেগম	শিক্ষক	সদস্য	
০৩	জনাব খোরশেদ আলম	স্বনামধণ্য ব্যবসায়ী	সদস্য	
০৪	জনাব কানিজ ফাতেমা	মহিলা উদ্যোক্তা	সদস্য	
০৫	জনাব মুনছুর আহমদ	সমাজকর্মী	সদস্য	
০৬	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

অর্থ ও সংস্থাপন বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা-

ক)পাঁচশালা ও বিভিন্ন মেয়াদি উন্নয়ন পরিকল্পনা তৈরি।

খ) প্রতি অর্থ বৎসরে অন্যান্য কমিটির বাজেট প্রস্তাবের ভিত্তিতে পরিষদের খসড়া বাজেট প্রস্তুত করিয়া পরিষদের অনুমোদনের জন্য পেশ করা।

গ) ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনার জন্য অন্যান্য সকল কমিটির নিকট হইতে প্রস্থাব আহবান এবং প্রাপ্ত প্রস্তাবসমূহ সমন্বিত করিয়া খসড়া পরিকল্পনা প্রণয়ণ।

ঘ) পরিষদের অভ্যন্তরীণ রাজস্ব সংগ্রহের উপর প্রতিবেদন প্রণয়ন ও পর্যালোচনা।

ঙ) পরিষদের আয় ব্যয়ের হিসাব অবলোকন ও পর্যালোচনা।

চ) বিভিন্ন অর্থ আদায়, অর্থের উৎস হইতে নির্ধারিত সময়ের মধ্যে তাহা সংগ্রহ করা এবং বাজেট অনুসারে কার্যক্রম সম্পাদন করিবার ক্ষেত্রে পরিষদকে পরামর্শ প্রদান।

ছ) সংশ্লিষ্ট খাত ও খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরি, নবায়ন ও সংরক্ষণ।

জ) ই-গভর্ণেন্স চালু ও উৎসাহিতকরণ।

ঝ) ওয়ার্ড সভার প্রস্তাব ও মতামত বিবেচনা।

ঞ) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগীতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ট) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন।

০২. হিসাব নিরীক্ষা ও হিসাব রক্ষণ বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটি ঃ

ক্রমিক নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব আবুল কালাম আজাদ	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব মমিন উল্যাহ	অবসরপ্রাপ্ত কর্মকর্তা/শিক্ষক/ব্যাংক কর্মকতা	সদস্য	
০৩	জনাব মামুনুর রশিদ	হিসাব রক্ষণ কাজে অভিজ্ঞ শিক্ষিত ব্যক্তি	সদস্য	
০৪	জনাব তাহমিনা আক্তার	স্থানীয় একজন শিক্ষিত মহিলা	সদস্য	
০৫	জনাব মাইন উদ্দিন	সমাজকর্মী	সদস্য	
০৬	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

হিসাব নিরীক্ষা ও হিসাব রক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা-

ক) ইউনিয়ন পরিষ (হিসাব রক্ষণ এবং নিরীক্ষা) বিধিমালা, ২০১২ অনুযায়ী পরিষদের হিসাব যথাযথভাবে রক্ষণে পরিষদকে পরামর্শ প্রদান।

খ) পরিষদের প্রাপ্য অর্থ আদায় ও ব্যাংকে জমাকরণ বিষয়ে পরিষদকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

গ) বকেয়া অর্থ আদায়ে পরিষদকে সহায়তা প্রদান।

ঘ) নিরীক্ষা আপত্তির জবাব প্রণয়নে পরিষদকে পরামর্শ প্রদান।

ঙ) পরিষদের প্রতিটি লেনদেন হিসাবভুক্তির বিষয়টি নিশ্চিতকরণ।

চ) পরিষদের তহবিল বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদান।

ছ) প্রতি বৎসর অভ্যন্তরীণ নিরিক্ষা পরিচালনা।

জ) পরিষদের হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণে পরিষদকে সহায়তা প্রদান।

ঝ) ওয়ার্ড সভার প্রস্তাব বা মতামত বিবেচনা।

ঞ) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ট) পরিষদে বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্বপালন।

০৩. কর নিরূপন ও আদায় বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব মোশারেফ হোসেন	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব মহিব উল্যাহ ভূইয়া মিরন	অবসরপ্রাপ্ত কর্মকর্তা/ব্যাংক কর্মকতা	সদস্য	
০৩	জনাব মুনছুর আহমদ	একজন শিক্ষিত ব্যক্তি (পুরুষ)	সদস্য	
০৪	জনাব মোঃ নুরুল আমিন	একজন শিক্ষিত ব্যক্তি (মহিলা)	সদস্য	
০৫	জনাব নাজমুন নাহার	সমাজকর্মী	সদস্য	
০৬	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

কর নিরূপন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ,যথাঃ

ক) কর, ফি, টোল, ফিস, ইত্যাদির ধার্যকরণ ও আদায়ে ইউনিয়ন পরিষদ আদর্শ কর তফসিল ২০১৩ অনুযায়ী পরিষদকে পরামর্শ প্রদান।

খ) পরিষদের প্রাপ্য অর্থ আদায় ও ব্যাংকে জমাকরণ বিষয়ে পরিষদকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।

গ) বকেয়া অর্থ আদায়ে পরিষদকে সহায়তা প্রদান।

ঘ) নিরীক্ষা আপত্তির জবাব প্রণয়নে পরিষদকে পরামর্শ প্রদান।

ঙ) পরিষদের প্রতিটি লেনদেন হিসাবভুক্তির বিষয়টি নিশ্চিতকরণ।

চ) পরিষদের তহবিল বিনিয়োগ সংক্রান্ত বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদান।

ছ) প্রতি বৎসর অভ্যন্তরীণ নিরীক্ষা পরিচালনা।

জ) পরিষদের হিসাব ও নিরীক্ষা সংক্রান্ত প্রতিবেদন প্রস্তুত ও প্রেরণে পরিষদকে সহায়তা প্রদান।

ঝ) ওয়ার্ড সভার প্রস্তাব বা মতামত বিবেচনা।

ঞ) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ট) পরিষদ বিভিন্ন সময়ে যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন।

০৪. শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি

ক্রমিক নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব মহিব উল্যাহ ভূঁইয়া মিরণ	ইউপি মহিলা সদস্য	সভাপতি	
০২	জনাব প্রদীপ কুমার চক্রবর্তী	প্যারামেডিক্স	সদস্য	
০৩	জনাব মমিন উল্যাহ	অবসর প্রাপ্ত শিক্ষক	সদস্য	
০৪	জনাব মোঃ নুরুল আমিন	শিক্ষানুরাগী (পুরুষ)	সদস্য	
০৫	জনাব ইসরাত জাহান	শিক্ষানুরাগী (মহিলা)	সদস্য	
০৬	জনাব জোবেদা বেগম	বেসরঃ সংস্থার প্রতিনিধি	সদস্য	
০৭	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী নিম্নরূপ ঃ

ক)মহামারী নিয়ন্ত্রণ বিষয়ক কার্যাদি।

খ) প্রাথমিক চিকিৎসা কেন্দ্রের ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত কার্যাদি।

গ) ইউনিয়ন স্বাস্থ্য কমপ্লেক্স, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কল্যাণ কেন্দ্র, ইউনিয়ন সাব -সেন্টার ও কমিউনিটি ক্লিনিকে প্রয়োজনীয় স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে অবলোকন, পর্যবেক্ষণ এবং এতদসংক্রান্ত সুপারিশ পরিষদে দাখিল।

ঘ) ইউনিয়ন পর্যায়ে সকল স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান বা কেন্দ্রের মেরামত, রক্ষণাবেক্ষণ, নিরাপত্তা, পরিস্কার- পরিচ্ছন্নতা, ইত্যাদি কার্যক্রমের জোরদারের লক্ষ্যে সুপারিশ প্রণয়ন।

ঙ) শিশু স্বাস্থ্য এবং দরিদ্র-সুবিধাবঞ্চিত জনসাধারণের স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

চ) ভেজাল খাদ্য, স্বাস্থ্য উপকরণ ও ঔষধ সরবরাহকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদ ও যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ পেশ।

ছ) ইউনিয়নের শিক্ষার উন্নয়নে একটি দীর্ঘমেয়াদি দৃষ্টিভঙ্গি সৃষ্টি এবং উহা ইউনিয়ন পরিষদের উন্নয়ন পরিকল্পনা অন্তর্ভূক্তির উদ্যোগ গ্রহণ।

জ) মাধ্যমিক স্কুল ও মাদ্রাসাসমূহের ছাত্র-ছাত্রীর সংখ্যা, শিক্ষকদের উপস্থিতি, পাঠদান পদ্ধতি পরীক্ষার ফলাফল, শিক্ষার গুনগতমান, ছাত্র-অভিভাবক-শিক্ষক সমন্বয় ইত্যাদি বিষয়ে তথ্য ভান্ডার সৃষ্টি এবং তদসর্ম্পকে প্রয়োজনীয় সুপারিশ পরিষদে উপস্থাপন।

ঝ) কৃতি ও মেধাবী ছাত্র-ছাত্রীদের জন্য সংবর্ধনা প্রদান ও শ্রেষ্ঠ অভিভাবকগনকে পুরস্কৃত করণের ব্যবস্থা গ্রহণ।

ঞ) দরিদ্র ছাত্র-ছাত্রী ও ঝরে পড়া ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ শিক্ষা বৃত্তির ব্যবস্থা গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ দাখিল।

ট) প্রতিটি বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটিগুলোকে সক্রিয়করণে সহায়তাদান এবং শিক্ষক-অভিভাবক বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠান উদযাপনে সহায়তা করা।

ঠ) প্রাথমিক শিক্ষার বর্তমান আবস্থার পর্যালোচনা ও প্রাথমিক শিক্ষার একটি রেখচিত্র প্রনয়ন এবং উহা পরিষদে উপস্থাপন ।

ড) ইউনিয়নের প্রাথমিক শিক্ষার সকল সরকারি ও বেসরকারি বিদ্যালয় ভিত্তিক সরকারি বরাদ্দ ও ব্যয়ের একটি সার্বিক চিত্র সংরক্ষণের সুপারিশমালা পরিষদে দাখিল ।

ঢ) ছাত্র - ছাত্রিদের বিনামূল্যে বইসহ শিক্ষা উপকরন সম্পর্কিত চাহিদা নিরূপনে সহযোগিতা , সংগ্রহ ও বিতরন রেজিস্টার , ইত্যাদি পর্যবেক্ষণ করিয়া সুষ্ঠ বন্টনের ব্যবস্থায় সহায়তা করা।

ণ) ইউনিয়ন এলাকার প্রাথমিক বিদ্যালয়সমূহের সংস্কার মেরামত পুনঃ নির্মান ,বিদ্যুৎ সুবিদা উন্নত তথ্য- প্রযুক্তির সুবিদধা ,ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য পরিষদে সুপারিশ দাখিল।

ত) শিক্ষার মান উন্নয়ন বিশেষ করিয়া বিজ্ঞান ,বাংলা, গনিত,ও ইংরেজি শিক্ষার মানোন্নয়ন বিশেষ ব্যবস্থা গ্রহণের সুপারিশ ।

থ) স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরনে প্রয়োজনিয় সুপারিশ দাখিল।

দ) প্রাথমিক ও গণশিক্ষার সহিত সংশ্লিষ্ট বেসরকারি সংস্থা ও সকল ব্যক্তি উদ্যোগের সমন্বয় সাধনের উদ্যোগ গ্রহণ।

ধ) প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ব্যবস্থাপনা কমিটি গঠনে সহায়তা প্রদান।

ন) প্রাথমিক শিক্ষার গুনগত মানোন্নয়নের লক্ষ্যে উপজেলা শিক্ষা কর্মকর্তাদের সঙ্গে একত্রে বিদ্যালয় পরিদর্শন।

প) সংশ্লিষ্ট খাত ও খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরি , নবায়ন ও সংরক্ষণ;

ফ) ওয়ার্ড সভার প্রস্তাব বা মতামত বিবেচনা।

ব) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত আন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনিয় সুপারিশ দাখিল।

ভ) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে ,সে সকল দায়িত্ব পালন করা।

০৫. কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নমূলক কাজ বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটি ঃ

ক্রমিক নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব মোঃ কামাল উদ্দিন	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব মুজিবুল হক	স্থানীয় সফল কৃষক	সদস্য	
০৩	জনাব হোসেন আহমদ	স্থানীয় মৎস্যজীবী	সদস্য	
০৪	জনাব আবুল কালাম আজাদ	সফল খামারী (পুরুষ)	সদস্য	
০৫	জনাব লাকী বেগম	সফল খামারী (মহিলা)	সদস্য	
০৬	জনাব মাহিন সুলতানা লাভলী	বেসরঃ সংস্থার প্রতিনিধি	সদস্য	
০৭	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নমূলক কাজ বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিন্মরূপ, যথা-

ক) কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ ও অন্যান্য অর্থনৈতিক উন্নয়নে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে পরিষদে সুপারিশ দাখিল ;

খ) উদ্বৃত্ত খাদ্য উৎপাদনে প্রয়োজনীয় পরিকল্পনা গ্রহণে পরিষদে সুপারিশ দাখিল;

গ) কৃষি, মৎস্য ও প্রাণিসম্পদ ভিষয়ক তথ্য ভান্ডার তৈরী এবং সে সকল তথ্য ভান্ডার বিশ্লেষণপূর্বক উহাদেও উন্নয়নকল্পে একটি দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়ন ও সময় সময় প্রয়োজনের নিরিখে উক্ত পরিকল্পনায় সংশোধন, সংযোজন ও বিয়োজন এবং উক্ত বিষয়ে পরিষদ সভায় প্রতিবেদন উপস্থাপন।

ঘ) মৃত পশুর দেহ অপসারণ ও নিয়ন্ত্রণ এবং পশু জবাই নিয়ন্ত্রণ কাজ তদারকি।

ঙ) উন্নত কৃষি প্রযুক্তি ও উপকরণ প্রাপ্তি নিশ্চিত করিবার জন্য সুপারিশ প্রনয়ণ।

চ) দরিদ্র প্রান্তিক কৃষদেও জন্য সরকারের সময়ভিত্তিক পদক্ষেপসমূহ বাস্তবায়নে সহায়তা প্রদান।

ছ) কৃষি ক্ষেত্রে উন্নত প্রযুক্তি ব্যবহার ও সম্প্রসারণে সংশ্লিষ্ট দপ্তরকে অনুরোধ করা।

জ) মাঠ জরিপ, চাহিদা নিরূপণ, ক্ষয়ক্ষতি নিরূপন, কৃষি ঋণের চাহিদা নিরূপন ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা প্রদান্

ঝ) ভেজাল বীজ, সার এবং কৃষি উপকরণ সরবরাহকারী কর্তৃপক্ষের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণে যথাযথ কর্তৃপক্ষের নিকট সুপারিশ দাখিল।

ঞ) সৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়ন বিশেষত মৎস্য চাষ বৃদ্ধি ও দুগ্ধ খামার, ছাগল ও হাঁস-মুরগির খামার প্রতিষ্ঠার সম্ভাবনা যাচাই এবং সহায়তার ক্ষেত্র নির্ধারণ।

ট) মৎস্য চাষ সম্প্রসারণ ও ঋণদান কার্যক্রমের প্রশিক্ষণ ও উদ্ধুদ্ধকরণে পর্যবেক্ষণ ও সুপারিশ দাখিল।

ঠ) ইউনিয়নের ভূমিহীন, বেকাল যবক-মহলিা, বিভিন্ন শ্রেণির উদ্যোক্তা ও খামারিদের দক্ষতা বৃদ্ধি ও প্রযুক্তি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ দাখিল।

ড) উৎপাদিত মৎস্য, ডিম, দুধ ও মাংসের উন্নত বাজারজাতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ দাখিল;

ঢ) গবাদি পশুর খোয়াড় নিয়ন্ত্রন ও রক্ষণাবেক্ষণের ব্যবস্থাকরণ বিষয় তদারকি।

ণ) ইউনিয়নের প্রাণিসম্পদ যথা, গরু, মহিষ, ছাগল, ভেড়া, ঘোড়া, কুকুর, বিড়াল এবং হাঁস, মুরগি, কবুতরসহ সকল গৃহপালিত পশুপাখি এবং বন্যপ্রাণী ও উন্মুক্ত পাখির আবাস্থল, ইত্যাদিও ংরক্ষণ ও নবায়নযোগ্য তথ্যাদি সংগ্রহের ব্যবস্থার সুপারিশ করা।

ত) অতিথি পাখিসহ বন্য পশুপাখির অভয়ারণ্য সংরক্ষণে সুপারিশ দাখিল।

থ) সংশ্লিষ্ট খাত ও খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরি, নবায়ন ও সংরক্ষণ।

দ) ওয়ার্ড সভার প্রস্তাব বা মতামত বিবেচনা ।

ধ) ইউনিয়ন পরিষদেও সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ন) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

০৬. পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব জাহাঙ্গীর আলম	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব মমিন উল্যাহ	অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সদস্য	
০৩	জনাব মোস্তাফিজুর রহমান	শিক্ষিত ব্যক্তি (পুরুষ)	সদস্য	
০৪	জনাব রাবেয়া বেগম	শিক্ষিত ব্যক্তি (মহিলা)	সদস্য	
০৫	জনাব রেহানা আক্তার	বিশিষ্ট ব্যক্তি	সদস্য	
০৬	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ,যথা:

ক) পল্লী অবকাঠামো উন্নয়ন, সংরক্ষণ ও রক্ষণাবেক্ষণ বিষয়ে পরিষদে সুপারিশ দাখিল।

খ) ইউনিয়নের নতুন বাড়ি, দালান নির্মাণ ও পুণঃ নির্মাণ এবং বিপজ্জনক দালান নিয়ন্ত্রণ বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদান।

গ) সর্বসাধারণের ব্যবহার্য স্থান, উন্মুক্ত জায়গা, উদ্যান ও খেলার মাঠের হেফাজতকরণ বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদাণ।

ঘ) ইউনিয়ন পরিষদের রাস্তায় ও সর্বসাধারণের ব্যবহার্য স্থানে বাতি জ্বালানো কার্যাদি তদারকি।

ঙ) কবরস্থান, শ্মশান, জনসাধারণের সভার স্থান ও অন্যান্য সরকারি সম্পত্তির রক্ষনাবেক্ষণ ও পরিচালনায় পরিষদকে সহায়তা প্রদান।

চ) জনপথ, রাজপথ ও সর্বসাধারণের ববহার্য স্থানে অনধিকার প্রবেশ রোধ এবং এইসব স্থানে উৎপাত ও উহার কারণ বন্ধকরণে পরিষদে সপারিশ দাখিল ও পরিষদ কর্তৃক অর্পিত এই সংক্রান্ত কার্যাদি সম্পাদন।

ছ) জনপথ ও রাজপথের ক্ষতি, বিনষ্ট বা ধ্বংস প্রতিরোধ বিষয়ে পরিষদের সুপারিশ দাখিল ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

জ) ইউনিয়ন এলাকায় বিভিন্ন ধরণের সড়ক, পুল, কালভার্ট ইত্যাদির ভিত্তি ম্যাপ প্রস্তুত, নিরক্ষণ ও অবলোকন করিয়া পরিষদ সভায় প্রতিবেদন উপস্থাপন।

ঝ) ইউনিয়নের যোগাযোগ ও পল্লী ভৌতখাতে বিভিন্ন সরকারি -বেসরকারি বিভাগ যথা: স্থীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই) ও দুর্যোগ ব্যবস্থাপনাসহ সকল দপ্তর এর ভৌত অবকাঠামো ও পরিষদের কার্যক্রমের সমন্বয় সাধনের রূপরেখা প্রণয়ন।

ঞ) বিভিন্ন দপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ভৌত অকাঠামো প্রকল্পসমূহের গুনগতমান বজায় রাখিবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ ও মনিটরিং।

ট) যোগাযোগ ও পল্লী ভৌত অবকাঠামো উন্নয়নে জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করা।

ঠ) পল্লী ভৌত অবকাঠামো বাস্তবায়নে পরিবেশ বজায় রাখা এবং সামাজিক প্রভাবের প্রতিক্রিয়া রোধ নিশ্চিত করা;

ড) সংশ্লিষ্ট খাত ও খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরী, নবায়ন ও সংরক্ষণ।

ঢ) ওয়ার্ড সভায় প্রস্তাব বা মতামত বিবেচনা।

ণ) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ত) পরিষদ বিভিনন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

০৭. আইন-শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব সালা উদ্দিন আহমেদ ভূঁইয়া	ইউপি চেয়ারম্যান	সভাপতি	
০২	জনাব আব্দুল কাদের ভূঁইয়া	অবসরপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী	সদস্য	
০৩	জনাব মহিব উল্যাহ ভূঞা মিরণ	ইউপি সদস্য (পুরুষ)	সদস্য	
০৪	জনাব খুরশিদা বেগম	ইউপি সদস্য (মহিলা)	সদস্য	
০৫	জনাব মোঃ নুরুল আমিন	আনসার ও (ভিডিপি) বা সমাজকর্মী	সদস্য	
০৬	জনাব বাবুল হোসেন	ইউপি দফাদার	সদস্য	
০৭	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

আইন-শৃঙ্খলা রক্ষা বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ,যথা:

ক) আইন-শৃঙ্খলা রক্ষায় সরকারের অর্পিত দায়িত্ব সফলভাবে পালন ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে পরিষদে সুপারিশ দাখিল।

খ) অপরাধমূলক ও বিপজ্জনক ব্যবসা নিয়ন্ত্রণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল;

গ) জনপথ, রাজপথ ও সর্বসাধারণের ব্যবহার্য স্থানে অনধিকার প্রবেশ রোধ এবং এইসব স্থানে উৎপাত ও উহার কারণ বন্ধ করিবার বিষয়ে পরিষদকে পরামর্শ ও সহায়তা প্রদান।

ঘ) গ্রাম পুলিশের কার্যক্রম তদারকি।

ঙ) পরিষদ সভায় আলোচনার জন্য উপস্থাপন করিবার উদ্দেশ্যে ইউনিয়ন এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন্

চ) গ্রাম পুলিশ , কমিউিনিটি পুলিশ বা বেসরকারি নিরাপত্তা প্রতিষ্ঠান এবং বিভিন্ন সাথানে সংগঠিত কোন অপরাধের অভিযোগ থাকিলে উহা আলোচনার মাধ্যমে সমাধানের প্রয়োজনীয় সুপারিশ প্রণয়ন।

ছ) মাদকদ্রব্য, চোরাচালান, নারীর শ্লীলতাহানী, নারীর বিরুদ্ধে অপরাধ, মানবাধিকার লঙ্ঘন, শিশু অধিকার লঙ্ঘন আইন-শৃঙ্খলার হুমকি, জঙ্গি তৎপরতা ও সন্ত্রাসী কার্যক্রম, নারী ও শিশুসহ মানব পাচার, ইত্যাদি বিষয়ে আলাচনার মাধ্যমে সুনির্দিষ্ট সুপারিশ প্রণয়ন এবং এই সকল কর্মকান্ডের বিরুদ্ধে জনমত তৈরির জন্য প্রচারণা ও অন্যান্য কার্যক্রমের গ্রহণ।

জ) এলাকায় কোথাও অবৈধ অস্ত্রেও ব্যবহার বিষয়ে সংবাদ বা অভিযোগ থাকিলে উহা পরিষদে উপস্থাপন এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করিবার ব্যবস্থা গ্রহণ।

ঝ) জনগণকে আইন নিজের হাতে তুলিয়া না নেওয়া এবং সার্বিকভাবে সমাজে আইনের শাসন প্রতিষ্ঠা, গ্রাম আদালতের কার্যক্রম নির্বিঘ্ন করা এবং সাধারণ সালিশী কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হইতেছে কিনা সে বিষয়ে লক্ষ্য রাখা।

ঞ) সংশ্লিষ্ট খাত ও খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরি, নবায়ন ও সংরক্ষণ।

ট) ওয়ার্ড সভার প্রস্থাব বা মতামত বিবেচনা।

ঠ) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ড) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

০৮. জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়কস্ট্যান্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব খুরশিদা বেগম	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব কোহিনুর বেগম	স্থানীয় শিক্ষক (মহিলা)	সদস্য	
০৩	জনাব খোরশেদ আলম	স্থানীয় সমাজ কর্মী	সদস্য	
০৪	জনাব বাবুল হোসেন	ইউপি দফাদার	সদস্য	
০৫	জনাব আব্দুল কাদের ভূঞা	অবসরপ্রাপ্ত কর্মকতা/কর্মচারী	সদস্য	
০৬	জনাব মাহিন সুলতানা লাভলী	বেসঃ সংস্থার প্রতিনিধি	সদস্য	
০৭	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথাঃ

ক) ইউনিয়ন এলাকার জন্ম-মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

খ) জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম নিয়মিত তদারকি।

গ) জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যকম দ্রুততার সহিত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

ঘ) জন্ম-মৃত্যু সংক্রান্ত মিথ্যা, ভুয়া, জাল ইত্যাদি তথ্য বা সনদ প্রদান প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

ঙ) সংশ্লিষ্ট খাতের উপর তথ্যভান্ডার তৈরি, নবায়ন, সর্বদা হালনাগাদকরণ ও সংরক্ষণ।

চ) ওয়ার্ড সভার প্রস্থাব বা মতামত বিবেচনা।

ছ) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

জ) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

০৯. স্যানিটেশন, পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব খুরশিদা বেগম	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব মহিব উল্যাহ ভূঞা মিরণ	সমাজকর্মী (পুরুষ)	সদস্য	
০৩	জনাব মামুনুর রশিদ	বেসরকারী শিক্ষক	সদস্য	
০৪	জনাব হুমায়ুন কবির	বিশিষ্ট ব্যক্তি	সদস্য	
০৫	জনাব মাহিন সুলতানা লাভলী	স্থানীয় বেসরঃ সংস্থার প্রতিনিধি	সদস্য	
০৬	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

স্যানিটেশন, পানি সরবরাহ ও পয়ঃনিস্কাশন বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী নিম্নরূপ ঃ

ক) ইউনিয়ন পর্যায়ে বিশুদ্ধ পানি সরবরাহ নিশ্চিত করিবার জন্য পরিকল্পনা প্রণয়ন।

খ) ইউনিয়ন এলাকায় সুপেয় পানিয় সহজলভ্যতা ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন নিশ্চিত করা।

গ) কুয়া, পানি তোলার কল, জলাধার, পুকুর এবং পানি সরবরাহের অন্যান্য উৎসবের ব্যবস্থাপনা ও সংরক্ষণ বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদান।

ঘ) খাবার পানির উৎসের দূষণ রোধ এবং জনস্বাস্থ্যের জন্য ক্ষতিকর সন্দেহযুক্ত কূপ, পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানের পানি ব্যবহার নিষিদ্ধ করিবার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

ঙ) খাবার পানির জন্য সংরক্ষিত কূপ, পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকটবর্তী স্থানে গোসল, কাপড় কাঁচা বা পশু গোসল করানো, মৃত পশুপাখি ফেলা, ইত্যাদি নিষিদ্ধ বা নিয়ন্ত্রণের পদ্ধতি ও পক্রিয়া সর্ম্পকে পরিষদের সুপারিশ দাখিল।

চ) পুকুর বা পানি সরবরাহের অন্যান্য স্থানে বা নিকটবর্তী স্থানে শন, পাট বা অন্যান্য গাছ ভিজানো নিষিদ্ধ বা নিয়ন্ত্রণের পদ্ধতি ও পক্রিয়া সর্ম্পকে পরিষদে সুপারিশ দাখিল।

ছ) ভূগর্ভস্থ পানি উত্তোলন নিয়ন্ত্রণের পদ্ধতি ও পক্রিয়া সংক্রান্ত বিষয়ে পরিষদে সুপারিশ দাখিল।

জ) স্যানিটারী টয়লেট নির্মাণ, পানি দূষণ প্রতিরোধ, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন, ইত্যাদির ব্যবস্থা গ্রহণকল্পে সার্বিক কর্মপরিকল্পনা প্রণয়নে পরিষদকে পরামর্শ প্রদান।

ঝ) ওয়ার্ড সভার প্রস্থাব বা মতামত বিবেচনা।

ঞ) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ট) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নিদের্শ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

১০. সমাজ কল্যাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্ট্যাণ্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব শামছুল ইসলাম বাবু	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব মোঃ কামাল হোসেন	সমাজকর্মী (পুরুষ)	সদস্য	
০৩	জনাব আব্দুল কাদের ভূঞা	সমাজকর্মী (নারী)	সদস্য	
০৪	জনাব মরিয়ম সুলতানা জোবেদা	সেচ্ছাসেবী কর্মী	সদস্য	
০৫	জনাব শাখাওয়াত হোসেন	বিশিষ্ট ব্যক্তি	সদস্য	
০৬	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

সমাজ কল্যাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী নিম্নরূপ ঃ

ক) ইউনিয়ন এলাকায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধাদের কল্যাণে সরকার কর্তৃক বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ।

খ) দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কিত প্রয়োজনীয় কার্যক্রম তদারকি এবং ত্রাণ কার্যক্রমের সমন্বয় সাধন।

গ) প্রাকৃতিক দুর্যোগকালে জনগণের করণীয় সম্পর্কে সচেতন করা ও দুর্যোগ মোকাবেলায় জনগণের সম্পৃক্ততা বৃদ্ধির প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

ঘ) ইউনিয়নের সকল সামাজিক নিরাপত্তা বেষ্টনী গড়িয়া তুলিতে পরিষদকে সহায়তা করা।

ঙ) স্থানীয় সম্পদের সদ্ব্যবহার এবং প্রকল্পের বিভিন্ন আর্থ-সামাজিক ও মানবসম্পদ উন্নয়নের জন্য দরিদ্র ও সুবিধা বঞ্চিত জনগোষ্টিকে সংগঠিত করিবার জন্য প্রয়োজনীয় সুপারিশ দাখিল করা।

চ) নিবন্ধিত স্থানীয় স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ প্রতিষ্ঠানসমূহের উন্নয়নসমূহের উন্নয়নমুলক কাজ পর্যবেক্ষণ ও কাজের গতিশীলতা বৃদ্ধির জন্য স্থানীয় জনগণের সম্পৃক্ততা বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদকে সুপারিশ করা।

ছ) অগ্নি, বন্যা, শিলাবৃষ্টিসহ ঝড়, ভূমিকম্প বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় তৎপরতা গ্রহণ ও পরিষদ এবং সরকারেকে সার্বক্ষণিক সহায়তা প্রদান।

জ) বিধবা, এতিম, গরীব ও দুঃস্থ ব্যক্তিদের তালিকা সংরক্ষণ ও সাহায্য প্রদান কাজ তদারকি।

ঝ) সংশ্লিষ্ট খাত ও খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরি, নবায়ন ও সংরক্ষণ।

ঞ) ওয়ার্ড সভার প্রস্তাব বা মতামত বিবেচনা।

ট) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ঠ) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

১১. পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব ইসরাত জাহান	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব নাজমুন নাহার	স্থানীয় শিক্ষক (মহিলা)	সদস্য	
০৩	জনাব মামুনুর রশিদ	স্থানীয় সমাজ কর্মী	সদস্য	
০৪	জনাব বাবুল হোসেন	ইউপি দফাদার	সদস্য	
০৫	জনাব মুনছুর আহমদ	অবসরপ্রাপ্ত কর্মকতা/কর্মচারী	সদস্য	
০৬	জনাব জোবেদা বেগম	বেস: সংস্থার প্রতিনিধি	সদস্য	
০৭	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

পরিবেশ উন্নয়ন, পরিবেশ সংরক্ষণ ও বৃক্ষরোপণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:

ক) সামাজিক বনায়ন কার্যক্রম জোরদার করা;

খ) পরিবেশ উন্নয়ন ও সংরক্ষণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদান।

গ) বৃক্ষরোপন ও সংরক্ষণ এবং বৃক্ষসম্পদ চুরি ও ধ্বংস প্রতিরোধ পরিল্পনা ও কার্যক্রমের গ্রহণ বিষয়ে পরিষদকে পরামর্শ প্রদান;

ঘ) গোবর ও রাস্তার আবর্জনা সংগ্রহ, অপসারণ ও ব্যবস্থপনা নিশ্চিতকরণ তদারকি।

ঙ) আবাসিক এলাকায় চামড়া রং করা বা পাকা করা নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ কাজ তদারকি।

চ) আবাসিক এলাকায় মাটি খনন করিয়া পাথর বা অন্যান্য বস্তু উত্তোলন নিষিদ্ধ বা নিয়ন্ত্রণ কাজ তদারকি।

ছ) আবাসিক এলাকায় ইট, মাটির পাত্র বা অন্যান্য ভাটি নির্মাণ বা নিয়ন্ত্রণ কাজ তদারকি।

জ) ব্যক্তি ও খামারভিত্তিক বৃক্ষ রোপণ, বানিজ্যিক ভিত্তিতে নার্সারি স্থাপন ইত্যাদি কার্যক্রমে পৃষ্ঠপোষকতার জন্য পরিষদেও নিকট সুপারিশ দাখিল।

ঝ) পতিত জমি চিহ্নতকরণপূর্বক বৃক্ষরোপণ কর্মসূচির আওতায় আনিবার জন্য বনজ, ফলজ, ঔষধি বৃক্ষরোপণ ও পরিচর্যা নিশ্চিত করিবার জন্য পরিষদের নিকট সুপারিশ দাখিল।

ঞ) বৃক্ষ নিধন রোধকল্পে যথাযথ কর্তৃপক্ষের কর্মতৎপরতা জোরদার করা।

ট) পরিবেশ দূষণ রোধ, জীব বৈচিত্র সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন বিষয়ে পরিষদকে ব্যবস্থা প্রহণের সুপারিশ করা।

ঠ) বন্যপ্রাণী ও পাখির আবাসস্থল সংরক্ষণে গনসচেতনাতা সৃষ্ঠির বিষয়ে সুপারিশ করা।

ড) পরিযায়ী বা অতিথি পাখিসহ বন্য পশুপাখির অভয়ারণ্য সংরক্ষণে সুপারিশ দাখিল।

ঢ) সংশ্লিষ্ট খাত ও খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরি, নবায়ন ও সংরক্ষণ।

ণ) ওয়ার্ড সভার প্রস্তাব বা মতামত বিবেচনা।

ত) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

থ) পরিষদ বিভিন্ন সময়ে যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

১২. পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ বিষয়ক স্ট্যান্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব ইসরাত জাহান	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব কহিনুর বেগম	স্থানীয় শিক্ষক (মহিলা)	সদস্য	
০৩	জনাব লাখী বেগম	সেচ্ছাসেবী স্থানীয় মহিলা কর্মী	সদস্য	
০৪	জনাব নাজমুন নাহার	শিক্ষিত মহিলা	সদস্য	
০৫	জনাব জোবেদা বেগম	বেসরকারি সংস্থার প্রতিনিধি	সদস্য	
০৬	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

পারিবারিক বেরাধ নিরসন, নারী ও শিশু কল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:

ক) পারিবারিক বিরোধ নিরসন, নারী ও শিশু কল্যাণ সম্পর্কিত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণে পরিষদকে পরামর্শ প্রদাণ।

খ) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরিষদে সুপারিশ দাখিল।

গ) মহিলা প্রশিক্ষণ, ক্ষুদ্র ঋণ কার্যক্রম এবং স্বেচ্ছাসেবী উন্নয়নমুলক সহায়তা প্রদান।

ঘ) ইউনিয়নে নারী বিষয়ক সকল কার্যক্রম পর্যালোচনা করিয়া নারী উন্নয়নের জন্য একটি দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রণয়ন।

ঙ) ভূমিহীনদের মধ্যে খাস জমি বন্দোবস্তের ক্ষেত্রে মহিলাদের অগ্রাধিকারের ভিত্তিতে বরাদ্ধ দেয়ার জন্য পরিষদে সুপারিশ দাখিল।

চ) সংশ্লিষ্ট খাত খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরি, নবায়ন ও সংরক্ষণ ।

ছ) নারী ও শিশু নির্যাতন, বাল্যবিবাহ ও যৌতুক প্রতিরোধ, নারী নির্যাতন বন্ধের জন্য সামাজিক প্রতিরোধ তৈরির জন্য স্কুল, কলেজ, মক্তব ও মাদরাসা শিক্ষক এবং মসজিদের ইমাম, মন্দিরের পুরহিতগণ এবং অন্যান্য ধর্মীয় নেতাদের মাধ্যমে প্রচারণা চালানোর ব্যবস্থা গ্রহণ।

জ) ওয়ার্ড সভার প্রস্থাব বা মতামত বিবেচনা।

ঝ) ইউনিয়ন পরিষদের সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহগোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ঞ) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব কালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

১৩. সংস্কৃতি ও খেলাধুলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি ঃ

ক্রঃ নং	নাম	পরিচিতি	কমিটিতে পদবী	মোবাইল নং
০১	জনাব মাইন উদ্দিন ময়ূর	ইউপি সদস্য	সভাপতি	
০২	জনাব পূর্নিমা মজুমদার	স্থানীয় সংস্কৃতিক গোষ্টির কর্মী	সদস্য	
০৩	জনাব জীবন মজুমদার	স্থানীয় ক্রীড়া সংগঠক বা ক্রীড়ামোদী	সদস্য	
০৪	জনাব কল্পনা মজুমদার	স্থানীয় মহিলা সংস্কৃতিক কর্মী	সদস্য	
০৫	জনাব শাহজামাল ভূইয়া	শরীর চর্চা শিক্ষক	সদস্য	
০৬	জনাব মিজানুর রহমান	ইউপি সচিব	সদস্য সচিব	

সংস্কৃতি ও খেলাধুলা বিষয়ক স্থায়ী কমিটির কার্যাবলী হইবে নিম্নরূপ,যথা:

ক) সমাজে সংস্কৃতি উন্নয়নে বিষয়ক পরিকল্পনার দৃষ্টিভঙ্গি তৈরীর কার্যক্রম গ্রহণ।

খ) দেশীয় সংস্কৃতি প্রসারের লক্ষ্যে স্থানীয় দেশজ শিল্পিগোষ্ঠীর পৃষ্ঠপোষকতা প্রদানে সুপারিশ করা।

গ) পরিষদের আয়োজনে বৈশাখী মেলা, পৌষ মেলা, লাঠি খেলা, হাডুডু, কাবাডি, নৌকাবাইচ, নবান্ন উৎসব, ইত্যাদিসহ স্থানীয় সংস্কৃতির বিকাশ সাধন হয় এইরূপ কার্যক্রম গ্রহণে পরিষদে সুপারিশ দাখিল।

ঘ) অপসংস্কৃতি প্রতিরোধের জন্য জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে কাজ করা।

ঙ) বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন এবং সংস্কৃতি কার্যক্রম পালন করিবার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্বদ্ধ করা।

চ) পরিষদের উদ্যোগে ইউনিয়ন পর্যায়ে স্থানীয় উদ্যোগী ব্রক্তিদেও পৃষ্ঠপোষকতায় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতাসহ বাস্কেটবল, ভলিবল, ক্রিকেট এবং স্থানীয় ঔতিহ্যবাহী খেলাধুলা ইত্যাদি টুর্নামেন্ট আয়োজন করা।

ছ) স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের সাঁতার শেখার বিষয়ে উৎসাহিতকরণ ও প্রচারণার ব্যবস্থা করা।

জ) সংশ্লিষ্ট খাত ও খাতসমূহের উপর তথ্য ভান্ডার তৈরী, নবায়ন ও সংরক্ষণ।

ঝ) স্থানীয় প্রেক্ষাপট ও চাহিদার আলোকে পরিষদ বা সরকার বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে উহা পালন।

ঞ) ওয়ার্ড সভার প্রস্তাব বা মতামত বিবেচনা।

ট) ইউনিয়ন পরিষদেও সদৃশ কাজে নিয়োজিত অন্যান্য সংস্থার সহিত সহযোগিতা সম্প্রসারণে পরিষদে প্রয়োজনীয় সুপারিশ দাখিল।

ঠ) পরিষদ বিভিন্ন সময় যে সব দায়িত্ব পালনের নির্দেশ প্রদান করিবে, সে সকল দায়িত্ব পালন করা।

উপরোক্ত স্ট্যাণ্ডিং কমিটি সমুহের সদস্যগণ আগামী ০২ বছর ০৬ মাসের জন্য নিযুক্ত হয়েছেন এবং পূণঃনিয়োগের জন্য যোগ্য হইবেন। তবে শর্ত থাকে যে, কোন সদস্য যুক্তিসঙ্গত কারণ ব্যতীত পরপর ৩ (তিন)টি সভায় অনুপস্থিত থাকিলে তাহার সদস্যপদ বাতিল হইবে এবং পরিষদ যথাশীঘ্র সম্ভব উক্ত শূন্য পদ পূরণের ব্যবস্থা গ্রহণ করিবে।

আরও শর্ত থাকে যে, কোন স্থায়ী কমিটির সভাপতি সাময়িক অনুপস্থিতি, পদশূণ্যতা বা অনুরূপ ক্ষেত্রে চেয়ারম্যানের নির্দেশনা অনুসারে অন্য কোন সদস্য উক্ত কমিটির সভাপতির দায়িত্ব পালন করিবেন।

পরিষদ সচিব স্থায়ী কমিটির সদস্য-সচিব হিসাবে দায়িত্ব পালন করিবেন এবং স্থায়ী কমিটির নথিপত্র ও অন্যান্য কাগজপত্র সদস্য-সচিব কর্তৃক সংরক্ষিত হইবে।

স্থায়ী কমিটির সভা সংক্রান্তঃ

(১) প্রত্যেক স্থায়ী কমিটির সভাপতির সহিত আলোচনা ক্রমে সদস্য-সচিব সংশ্লিষ্ট কমিটির সভার তারিখ, সময় ও স্থান নির্ধারণ করিয়া সভার নোটিশ জারি করিবেন।

(২) ভোটাধিকার সম্পন্ন মোট সদস্যের অন্যূন ৩ (তিন) জনের উপস্থিতিতে সভার কোরাম হইবে, তবে মুলতবী সভার জন্য কোরামের প্রয়োজন হইবে না।

(৩) স্থায়ী কমিটির সভার সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবেঃ

তবে শর্ত থাকে যে কো-অপ্ট সদস্য, কমিটির কর্মকর্তা সদস্য এবং সদস্য সচিব এর কোন ভোটাধিকার থাকিবে না।

(৪) সভায় উপস্থিত সদস্যদের সংখ্যাগরিষ্ঠের ভোটে সিদ্ধান্ত গৃহীত হইবে এবং তবে ভোটের সমতার ক্ষেত্রে সভাপতি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদান করিবেন।

(৫) স্থায়ী কমিটি কোন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে প্রয়োজন বিবেচনা করিলে, সদস্য নয় এমন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে কমিটির সভায় মতামত প্রদানের জন্য আমন্ত্রণ জানাইতে পারিবে, তবে তাহাদের কোন ভোটাধিকার থাকিবে না।

(৬) স্থায়ী কমিটির কোন সদস্যের ব্যক্তিগত স্বার্থ রহিয়াছে এমন কোন বিষয় বিবেচনার সময় উক্ত সদস্য সভায় উপস্থিত থাকিতে বা আলোচনা ও সিদ্ধান্তে অংশগ্রহণ করিতে পারিবেন না।

(৭) সভার উত্থাপিত প্রতিটি বা গৃহীত সিদ্ধান্ত এতদুদ্দেশ্যে রক্ষিত কার্যবিবরণীবহিতে লিপিবদ্ধ করিতে হইবে এবং উহা কমিটির সভাপতি কর্তৃক স্বাক্ষরিত হইবে এবং কমিটির সিদ্ধান্ত সুপারিশ হিসাবে পরিষদের পরবর্তী সভায় উত্থাপিত করিতে হইবে।

(৮) স্থায়ী কমিটির সভাপতি কোন কারণে সভা আহ্বানে ব্যর্থ হইলে বা সভা আহ্বান না করিলে চেয়ারম্যান সভা আহ্বান করিবেন এবং কোন সদস্যকে উক্ত সভার সভাপতি মনোনীত করিবেন।

(৯) পরিষদের সিদ্ধান্তক্রমে এবং বাজেটে সংস্থান সাপেক্ষে, স্থায়ী কমিটির সভায় অংশগ্রহণের জন্য কমিটির সদস্যদের প্রকৃত যাতায়াত খরচ বা যাতায়াত ভাতা প্রদান করা যাইবে:

তবে শর্ত থাকে যে, অনুরূপ যাতায়াত খরচ বা যাতায়াত ভাতার পরিমাণ নবম গ্রেডের একজন সরকারি কর্মচারীর প্রাপ্য যাতায়াত ভাতার অধিক হইবে না।

স্থায়ী কমিটির সুপারিশ পরিষদের সভায় উত্থাপন:

(১) পরিষদ সচিব স্থায়ী কমিটির প্রতিবেদন, সুপারিশ, সিদ্ধান্ত বা পর্যবেক্ষণ সভার কার্যবিবরণীর কপি সহ, চেয়ারম্যানের সহিত পরামর্শ ক্রমে পরিষদের সাধারণ সভায় আলোচনার জন্য আলোচ্যসূচি ভূক্ত করিবেন।

স্থায়ী কমিটির সুপারিশ পরিষদ কর্তৃক বাতিল বা অগ্রাহ্য করিবার ক্ষেত্রে পরিষদের কার্যবিবরণীতে বাতিল বা অগ্রাহ্যকরণের বিষয়টি যুক্তি ও কারণ উল্লেখসহ সুস্পষ্ট ভাবে লিপিবদ্ধ করা হইবে।

এমতাবস্থায় উল্লেখিত স্ট্যাণ্ডি কমিটি সমূহের সকল সদস্য সহ সংশ্লিষ্ট সকলকে প্রতি ০২ (দুই) মাস অন্তর নিয়মিত সভা অনুষ্ঠান পূর্বক সভার সিদ্ধান্ত সমূহ অত্র ইউনিয়ন পরিষদ সহ সংশ্লিষ্ট সকলকে নিয়মিত অবহিত করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হইল। এ আদেশ জনস্বার্থে জারী করা হইল এবং ২৭/১২/২০২১ ইং তারিখ হইতে কার্যকর হইল।

স্বাক্ষরিত
(খোন্দকার জাকির হোসেন নিলু)
চেয়ারম্যান
৩নং কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদ,
নগরকান্দা, ফরিদপুর।

স্মারকনং: ০০.০০.০০০০.৮০.০২.০৪.২০২১..   তারিখ: ২৮/১২/২০২১ ইং।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হইল ঃ

১। উপ-পরিচালক,(উপসচিব)স্থানীয় সরকার,ফরিদপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার,নগরকান্দা,ফরিদপুর।
৩। জনাব . . . . .সদস্য, স্ট্যাণ্ডিং কমিটি (সকল)।
৫। নোটিশ বোর্ড।
৬। অফিস নথি।

(মোঃ আজিজুল শেখ)
সচিব
৩নং কোদালিয়া শহীদনগর ইউনিয়ন পরিষদ,
নগরকান্দা, ফরিদপুর।